

দুই শিক্ষাবিদকে ইউজিসি প্রফেসরশিপ পদে মনোনয়ন

শ্রেণি বিজ্ঞান

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গত সোমবার অনুষ্ঠিত ইউজিসি প্রফেসর মনোনয়ন কমিটির সভায় দেশের প্রতিভাবান দু'জন শিক্ষাবিদকে 'ইউজিসি-প্রফেসর' হিসেবে মনোনয়ন দেন। মনোনয়নপ্রাপ্ত শিক্ষাবিদগণ হলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিসি এবং প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর ড. আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিসি এবং কেমিক্যাল বিভাগের প্রফেসর ড. নূরউদ্দিন আহমেদ। এছাড়াও কমিশন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. এ এম হাফিজুর রশীদ এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব বিভাগের ড. মোঃ আজিজুল হকের ইউজিসি প্রফেসরশিপের মেয়াদ পরবর্তী দু'বছরের জন্য বৃদ্ধি করার সিদ্ধান্ত নেন।